<u>প্রেস বিজ্ঞপ্তি</u>

## রাজশাহী মহানগর দায়রা জজ আদালত এবং চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এর আওতাধীন এলাকায় বিচারপ্রার্থী জনগণের সেবা সহজীকরণ ও স্বচ্ছতা নিশ্চিতে মহানগর দায়রা জজ এর নির্দেশনাঃ

সোমবার ১০ ফেব্রুয়ারী, ২০২৫ খ্রিঃ তারিখ রাজশাহী জেলায় বিচারপ্রার্থী জনগনের সেবা সহজীকরণে রাজশাহী মহানগর দায়রা জজ আদালত এবং তার অধীনস্থ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের কর্মকর্তা- কর্মচারীগণের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে মাননীয় মহানগর দায়রা জজ জনাব আল আসাদ মোঃ আসিফুজ্জামান মহোদয়ের ১০/০২/২০২৫ খ্রি: তারিখের নির্দেশনা নিম্নরুপঃ-

১. দায়িত্ব পালনে কোড অব কন্ডাক্ট যথাযথভাবে পালন করতে হবে।

২. দায়িত্ব পালনকালে কোনো প্রকার আর্থিক লেনদেন সম্পূর্ণ বর্জন করতে হবে।

৩. সেবা গ্রহীতাকে দ্রুত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

৪. সেবা প্রদানের সময় কোন বিলম্ব সম্পূর্ণ পরিত্যাগ করতে হবে।

৫. সেবা গ্রহীতাকে কোনো প্রকার হয়রানি করা যাবে না।

৬. মহানগর দায়রা জজ আদালত এবং তার অধীনস্থ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের কর্মকর্তা ও কর্মচারীগণকে সেবা গ্রহীতাগণের সাথে সহানুভূতিশীল আচরণ করতে হবে।

৭. প্রতি শাখায় প্রতিদিনের কাজ প্রতিদিন সম্পন্ন করতে হবে এবং কোনো কাজ পেন্ডিং রাখা যাবে না।

৮. প্রত্যেক শাখার দায়িত্বপ্রাপ্ত বিচারককে তার দায়িত্বপ্রাপ্ত শাখা সমূহে প্রতিদিন সরেজমিন মনিটর করতে হবে।

৯. প্রত্যেক শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণকে তাদের দায়িত্বপ্রাপ্ত শাখার কার্যক্রম সম্পর্কে স্ব স্ব নিয়ন্ত্রণকারী ঊর্ধ্বতন কর্মকর্তা/বিচারকের নিকট নিয়মিত অবহিত করতে হবে।

১০. উক্ত মনিটরিং কার্যক্রম ১০ ফেব্রুয়ারী ২০২৫ খ্রিস্টাব্দ থেকে কার্যকর হবে।

১১. প্রতি মাসে দায়িত্বপ্রাপ্ত বিচারক/কর্মকর্তা মনিটরিং কার্যক্রমের প্রতিক্রিয়া ও ফলাফল মাননীয় মহানগর দায়রা জজ মহোদয়ের নিকট রিপোর্ট করবেন।

১২. যদি কোনো কর্মকর্তা/কর্মচারী আচরণবিধি এবং উপরোল্লিখিত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে কোনো সেবা গ্রহীতাকে হয়রানি করেন বা আর্থিক লেনদেন করেন তাহলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**<u>উক্ত নির্দেশনা বাস্তবায়নে রাজশাহীর মহানগর দায়রা জজ আদালত এবং তার অধীনস্থ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের কর্মকর্তা কর্মচারীগণ নিম্নবর্ণিত বিষয়গুলো অনুসরণ করবেন :-</u>**

(ক) কর্মচারীগণকে চাকুরি সংক্রান্ত যাবতীয় আইন ও বিধি বিধান কঠোরভাবে অনুসরণ ও পালন করতে হবে।

(খ) কর্মচারীগণ বিচারপ্রার্থী জনগণের সেবা পাওয়ার অধিকার বিষয়ে সচেতন থাকবেন।

(গ) সেবার বিনিময়ে কোনো লেনদেন বা আর্থিক সুবিধা গ্রহণ হতে বিরত থাকবেন।

(ঘ) সংশ্লিষ্ট বিচারকগণ প্রত্যেক শাখার সামনে প্রকাশ্য স্থানে সেবা গ্রহীতাদের অধিকার সংক্রান্ত সিটিজেন চার্টার (Citizen's Charter) প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঙ) প্রত্যেক শাখা/বিভাগের সামনে অভিযোগ/ পরামর্শ বক্স স্থাপন করতে হবে।

(চ) সংশ্লিষ্ট বিচারকগণ তাদের অধীনস্থ প্রত্যেক কর্মকর্তা কর্মচারীর নামফলক /অফিস পরিচয় পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন যাতে সেবাগ্রহীতাগণ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীকে সনাক্ত করতে পারেন।

(ছ) এ সংক্রান্তে সেবা গ্রহীতাগণ কর্তৃক কোন অভিযোগ, পরামর্শ প্রদান করার লক্ষ্যে একটি Helpline No 013-3943-8743 চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত নম্বরটি প্রকাশ্য স্থানে প্রদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হলো।

নির্দেশক্রমে
লুনা ফেরদৌস
যুগ্ম মহানগর দায়রা জজ/ভারপ্রাপ্ত বিচারক
নেজারত বিভাগ
হটলাইন-013-3943-8743 (whatsup)
Email-metrosessjudgecourt@gmail.com